**AKASHVANI Kolkata**
**Regional News Unit**

**Date: 09/05/2026** **Time: 01:30 PM**

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১) পশ্চিমবঙ্গের প্রথম বিজেপি সরকার আজ শপথ নিয়েছে।

# মুখ্যমন্ত্রী হিসেবে শুভেন্দু অধিকারীর পাশাপাশি আরও ৫ জন আজ মন্ত্রী হিসেবে মন্ত্রগুপ্তি ও শপথ বাক্য পাঠ করেন।

# সাঁওতালি ভাষায় শপথ নিয়েছেন বাঁকুড়ার রানিবাঁধের জয়ী বিজেপি প্রার্থী ক্ষুদিরাম টুডু।

২) তামিলনাড়ুতে নতুন সরকার গঠন নিয়ে অনিশ্চয়তা অব্যাহত।

৩) বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর ভারত ও ত্রিনিদাদ টোবাগোর মধ্যে সম্পর্কের প্রশংসা করেছেন।

৪) যথোচিত মর্যাদায় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫ তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে।

৫) আইপিএল ক্রিকেটে আজ জয়পুরের সোয়াই মানসিং স্টেডিয়ামে রাজস্থান রয়্যালস, গুজরাট টাইটান্সের মুখোমুখি হবে।

*************************************************************

আজ রবীন্দ্র জয়ন্তীর দিন পশ্চিমবঙ্গে প্রথম বিজেপি সরকার শপথ নিল। নন্দীগ্রাম ও ভবানীপুর–দুই আসনে জয়ী শুভেন্দু অধিকারী, রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী রূপে শপথ গ্রহণ করেছেন।

( বাইট- শুভেন্দু অধিকারী )

শুভেন্দু অধিকারীর সঙ্গে আরো পাঁচজন বিজেপি বিধায়ক, মন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন। খড়গপুর সদর কেন্দ্র থেকে বিজয়ী দিলীপ ঘোষ, আসানসোল-দক্ষিণ কেন্দ্র থেকে বিজয়ী অগ্নিমিত্রা পাল, শপথ নেন।

( বাইট- অগ্নিমিত্রা পাল )

**বাঁকুড়া**র রাণীবাধ থেকে বিজয়ী ক্ষুদিরাম টুডু, বনগাঁ-উত্তর থেকে বিজয়ী অশোক কীর্তনীয়া এবং কোচবিহারের মাথাভাঙা থেকে জয়ী নীশিথ প্রামাণিক'ও আজ শপথ নিয়েছেন। এদের মধ্যে ক্ষুদিরাম টুডু শপথ নেন, সাঁওতালি ভাষায়।

( বাইট- ক্ষুদিরাম টুডু )

কোনো মন্ত্রীর'ই দপ্তর, এখন ঘোষণা করা হয়নি।

উল্লেখ্য, অজয় মুখোপাধ্যায়ের পর এই প্রথম রাজ্যের কোনো জেলা থেকে মুখ্যমন্ত্রী হলেন। এই দুজনেই মেদিনীপুর থেকে তাঁদের রাজনৈতিক জীবন শুরু করেন। দীর্ঘ ১৫ বছরের তৃণমূল কংগ্রেস শাসনের অবসান ঘটিয়ে বিজেপি, এরাজ্যে এই প্রথমবার ক্ষমতায় এলো।

****************************************************************

তামিলনাড়ুতে টি-ভি-কে (TVK) প্রধান সি. জোসেফ বিজয়ের নেতৃত্বে সরকার গঠন নিয়ে ধোঁয়াশা আরও ঘনীভূত হলো। বিজয় দ্বিতীয়বার রাজ্যপালের সঙ্গে দেখা করে সংখ্যাগরিষ্ঠতার দাবি জানালেও, আইইউএমএল (IUML)-এর তরফে দেওয়া বার্তায় পুরো পরিস্থিতি বদলে গেছে। অধ্যাপক কাদের মহিউদ্দিনের নেতৃত্বাধীন এই দলটি স্পষ্ট জানিয়ে দিয়েছে যে, তারা টি-ভি-কে-কে সমর্থনের কোনো চিঠি দেয়নি। তাঁদের দল ডিএমকে প্রধান এম. কে. স্ট্যালিনের নেতৃত্বে স্থিতিশীল সরকার গঠনের পক্ষপাতি। এই নাটকীয় পরিবর্তনের ফলে আজকের নির্ধারিত শপথ গ্রহণ অনুষ্ঠান স্থগিত করা হয়েছে বলে সূত্রের খবর। সরকার গড়তে ভি-সি-কে (VCK)-র সমর্থনের ওপর নির্ভরশীল টি-ভি-কে। যদিও ভি-সি-কে নেতা ভান্নি আরাসু এক টুইট বার্তায় জানিয়েছেন যে, তাঁর দল সরকারে অংশ নিতে ইচ্ছুক।

অন্যদিকে, AIADMK শিবিরেও তৎপরতা চোখে পড়েছে। AMMK নেতা টিটিভি দিনাকরণ রাজ্যপালের সঙ্গে দেখা করে মান্নারগুড়ির বিধায়ক এস. কামরাজের সমর্থনের চিঠি জমা দিয়েছেন। তিনিও এডাপ্পাদি পালানিস্বামীকে মুখ্যমন্ত্রী হিসাবে সমর্থনের কথা জানিয়েছেন।

****************************************************************

সোমনাথ মন্দিরের ৭৫-তম বর্ষ পূর্তি উপলক্ষ্যে সোমনাথ অমৃত পর্ব উদযাপন করা হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী সোমবার ১১'ই মে গুজরাত সফরে সোমনাথ অমৃত পর্বে যোগ দেবেন। ১৯৫১ সালে ওই দিনে ভারতের প্রথম রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদ পুনর্নির্মিত মন্দিরটি দ্বারোদ্ঘাটন করেন। রাজ্যের মন্ত্রী জিতু ভাই ভাঘানি সাংবাদিকদের জানিয়েছেন, সোমনাথ স্বাভিমান পর্বের অঙ্গ হিসেবে মন্দির প্রাঙ্গনে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ওই দিন প্রধানমন্ত্রী ত্রিবেনী হেলিপ্যাড থেকে বীর হামীরজী গোহিলের মূর্তি পর্যন্ত এক কিলোমিটার পথে মেগা রোড শো করবেন। সফরকালে শ্রী মোদী কুম্ভাভিষেক, ধ্বজ পূজা এবং মহা পুজায় অংশ নেবেন। অনুষ্ঠান শেষে সদ্ভাবইনা ময়দানে জনসভায় বক্তব্য রাখবেন তিনি।

****************************************************************

লেফটেন্যান্ট জেনারেল এন এস রাজা সুব্রহ্মণিকে দেশের পরবর্তী চিফ অফ ডিফেন্স স্টাফ বা সিডিএস হিসেবে নিয়োগ করেছে কেন্দ্রীয় সরকার। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, দায়িত্ব গ্রহণের দিন থেকে তিনি একইসঙ্গে সামরিক বিষয়ক বিভাগের সচিব হিসেবেও কাজ করবেন। বর্তমান সিডিএস জেনারেল অনিল চৌহান আগামী ৩০শে মে তাঁর মেয়াদ সম্পন্ন করছেন। তাঁর স্থলাভিষিক্ত হবেন লেফটেন্যান্ট জেনারেল সুব্রহ্মণি। ভারতীয় নৌবাহিনীর নতুন প্রধান হিসেবে ভাইস অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথনের নাম ঘোষণা করেছে কেন্দ্র। প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, বর্তমানে তিনি নৌবাহিনীর পশ্চিম কমান্ডের ফ্ল্যাগ অফিসার কমান্ডিং-ইন-চিফ হিসেবে কর্মরত। ভাইস অ্যাডমিরাল স্বামীনাথন তাঁর দীর্ঘ প্রায় চার দশকের বর্নময় কর্মজীবনে নৌবাহিনীর বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। নৌবাহিনীর বর্তমান প্রধান অ্যাডমিরাল দিনেশ কুমার ত্রিপাঠী আগামী ৩১শে মে অবসর গ্রহণ করবেন।

*************************************************************

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর ভারত ও ত্রিনিদাদ টোবাগোর মধ্যে সম্পর্কের প্রশংসা করেছেন। ত্রিনিদাদ ও টোবাগোর ক্যারিবীয় সংক্রান্ত ও বিদেশমন্ত্রকে পতাকা উত্তোলন অনুষ্ঠানে তিনি অংশগ্রহণ করেন। তিনি দুদেশের গভীর সাংস্কৃতিক সম্পর্ক ও ঐতিহাসিক বন্ধনের কথা তুলে ধরেন। শ্রী জয়শঙ্কর দুদেশের পোশাক, ক্রীড়া ও সংস্কৃতির অভিন্ন ঐতিহ্যের কথাও তুলে ধরেন।
শ্রী জয়শঙ্কর ত্রিনিদাদ ও টোবাগোর প্রধানমন্ত্রী কমলা প্রসাদ বিশ্বেশরের সঙ্গে দেখা করে দুদেশের কৌশলগত অংশীদারিত্ব শক্তিশালী করার কথা বলেন। সৌর বিদ্যুৎ, পর্যটন সহ বিভিন্ন ক্ষেত্রে একাধিক চুক্তি সম্পন্ন হয়েছে।

*************************************************************

আজ পঁচিশে বৈশাখ। বিশ্বজুড়ে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫তম জন্মবার্ষিকী পালন করা হচ্ছে।

( ইন্সার্ট- রবীন্দ্র সঙ্গীত )

এই উপলক্ষে পশ্চিমবঙ্গের সর্বত্র নানা সংগঠন ও বিদ্যালয়ের উদ্যোগে হয়েছে প্রভাত ফেরি, দিনভর নানা অনুষ্ঠান চলছে। শান্তিনিকেতনের ঐতিহ্য মেনে ভোর পাঁচটায় গৌরপ্রাঙ্গণে বৈতালিকের মাধ্যমে কবি প্রণামের সূচনা হয়। এরপর জন্ম উৎসবের মূল অনুষ্ঠান সকাল ন'টায় মাধবী বিতানে অনুষ্ঠিত হয়। সন্ধ্যায় আবার গৌর প্রাঙ্গনে থাকছে নৃত্যনাট্য ‘মায়ার খেলা’। এই উপলক্ষ্যে রাজ্যের তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে কবিপ্রণামের আয়োজন করা হয়েছে সন্ধ্যায় রবীন্দ্র সদন প্রেক্ষাগৃহে। বাংলাদেশেও রবীন্দ্রসংগীত, কবিতা আবৃত্তি, নৃত্য ও নাটকের মধ্য দিয়ে এই উৎসব সাড়ম্বরে উদযাপিত হচ্ছে।

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'পঁচিশে বৈশাখ' উপলক্ষে রবীন্দ্রনাথ ঠাকুরকে শ্রদ্ধা নিবেদন করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় উপরাষ্ট্রপতি রবীন্দ্রনাথ ঠাকুর-কে একজন অগ্রণী চিন্তাবিদ, শিল্পী এবং শিক্ষাবিদ হিসেবে বর্ণনা করেছেন।

প্রধানমন্ত্রী বলেন, রবীন্দ্রনাথ ঠাকুর ছিলেন অসাধারণ প্রতিভার অধিকারী একজন লেখক, চিন্তাবিদ এবং কবি। শ্রী মোদী বলেন, রবীন্দ্রনাথ তাঁর নতুন চিন্তাধারা, সৃজনশীল শক্তি এবং সাংস্কৃতিক আত্মবিশ্বাসের দ্বারা সমাজকে সমৃদ্ধ করেছেন।

*************************************************************

হ্যাম্পটন স্কাই রিয়েলটি লিমিটেড ও তাঁর কর্ণধার সঞ্জীব অরোরার সঙ্গে জড়িত একটি অর্থ তছরুপের ঘটনায় এনফোর্সমেন্ট নির্দেশালয়-ED দিল্লী, গুরগাঁও ও চণ্ডীগড়ের পাঁচটি জায়গায় তল্লাশি চালায়। ২০০২ সালের অর্থ তছরুপ প্রতিরোধ আইনের অধীনে এই তল্লাশি চালু হয়। ED জানিয়েছে, এই ঘটনায় ১০০ কোটি টাকারও বেশি মূল্যের মোবাইল ফোনের ভুয়ো GST-র মাধ্যমে সংঘটিত ব্যাপক অর্থ পাচার এবং দুবাই থেকে ভারতে অবৈধ অর্থের লেনদেন হয়েছিল। তল্লাশিতে ED দিল্লিতে অবস্থিত অস্তিত্বহীন বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে একাধিক ভুয়া জিএসটি ক্রয় বিল উদ্ধার করেছে।

*************************************************************

হরমুজ প্রণালীতে একটি কাঠের জাহাজে আগুন ধরে যাওয়ায় একজন ভারতীয় নাবিক মারা গেছেন। আহত আরও ৪ জন। আহতদের উদ্ধার করে, তাঁদের চিকিৎসার জন্য দুবাই নিয়ে যাওয়া হয়েছে। সেদেশে ভারতীয় দূতাবাসের আধিকারিকরা আহতদের সঙ্গে দেখা করে যথাযথ চিকিৎসা পরিষেবার ব্যাপারে নিশ্চয়তা দিয়েছেন।

*************************************************************

মার্কিন সাউদার্ন কমান্ড জানিয়েছে , পূর্ব প্রশান্ত মহাসাগরে মাদক পাচারে জড়িত সন্দেহে একটি নৌকায় হামলা চালিয়েছে মার্কিন বাহিনী। ঘটনায় নিহত দুজন।  আহত একজনকে উদ্ধার করা হয়েছে। সমাজমাধ্যমের এক বার্তায় কমান্ড জানিয়েছে,  ওই নৌকাটি সন্ত্রাসবাদী সংগঠনগুলি পরিচালনা করতো। মার্কিন গোয়েন্দা সংস্থার দাবি, নৌকাটি পূর্ব প্রশান্ত মহাসাগরের মাদক পাচারের সুপরিচিত পথ ধরে চলাচল করছিল এবং মাদক পাচার কাজের সঙ্গে যুক্ত ছিল।

উল্লেখ্য, এই অভিযানে মার্কিন সামরিক বাহিনীর কোনো সদস্য হতাহত হননি।

*************************************************************

হান্টাভাইরাসে আক্রান্ত হওয়ার আরও ২ টি নতুন ঘটনা সামনে এসেছে। এর মধ্যে একটি স্পেন এবং অন্যটি দক্ষিণ আতলান্তিক সাগরের দ্বীপ – ত্রিস্তান দা কুনহা য়।

স্পেনের দক্ষিণ পূর্বে  আলিকান্তে প্রদেশে ৩২ বছরের এক মহিলার দেহে এই ভাইরাস সংক্রমণের খবর মিলেছে। অন্যদিকে ত্রিস্তান দা কুনহায় আক্রান্ত হয়েছেন এক ব্রিটিশ নাগরিক । ব্রিটেনের  একটি স্বাস্থ্য সুরক্ষা

সংস্থা বলেছে, ওই ব্যক্তি ডাচ একটি জাহাজের যাত্রী ছিলেন। ১৩ থেকে ১৫ ই এপ্রিল ওই দ্বীপে জাহাজটি থেমেছিল।

এদিকে হানটা ভাইরাসে এখনও পর্যন্ত ৩ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা হু অবশ্য বলেছে, এই ভাইরাস সহজে সক্রমিত হয়না। কাজেই এই সংক্রমণের ঝুঁকি কম এবং অযথা আতঙ্কের ও কোনও কারণ নেই।

অন্যদিকে, হু সংক্রমণের ঝুঁকি বর্তমানে কম বলে মূল্যায়ন করলেও কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করেছে। সূত্রের খবর, এম ভি হন্ডিয়াসে সংক্রমনের প্রেক্ষিতে পরিস্থিতির ওপর নজর রাখা হচ্ছে। জাতীয় রোগ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ,  রোগ পর্যালচনায় নিবিড় কর্মসূচী, বিশ্ব স্বাস্থ্য সংগঠন এবং অন্য আন্তর্জাতিক স্বাস্থ্য প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ রেখে চলেছে মন্ত্রক।

*************************************************************

ISL ফুটবলে মোহনবাগান আজ, FC-গোয়ার বিরুদ্ধে খেলবে। গোয়ার মারগাওয়ের জওহরলাল নেহরু স্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। মোহনবাগান ৯ ম্যাচে ২০ পয়েন্ট নিয়ে লিগ তালিকার তৃতীয় স্থানে রয়েছে। চতুর্থ স্থানে থাকা গোয়ার ১১ ম্যাচে পয়েন্ট ১৯ । শীর্ষে রয়েছে ইস্টবেঙ্গল। ১০ ম্যাচে তাদের পয়েন্ট ২১ ।

*************************************************************

আইপিএল ক্রিকেটে আজ জয়পুরের সোয়াই মানসিং স্টেডিয়ামে রাজস্থান রয়্যালস মুখোমুখি হবে গুজরাট টাইটান্সের। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

*************************************************************